দৈনিক
ইত্তেফাক

তারিখ 11 JAN 2010
পৃষ্ঠা ২০ কলাম ৪

# রাজশাহী পলিটেকনিকের ৪ ছাত্রলীগ কর্মী রিমান্ডে

## সানি নিহতের প্রতিবাদে শিক্ষা প্রতিষ্ঠানে বিক্ষোভ

■ রাজশাহী অফিস

রাজশাহী পলিটেকনিক ইনস্টিটিউটে ছাত্রলীগের হামলায় ছাত্রমৈত্রীর নেতা রেজওয়ানুল ইসলাম চৌধুরী সানি নিহতের ঘটনার প্রতিবাদে গতকাল রবিবার সকালে শহরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বিক্ষোভ কর্মসূচি পালন করেছে ছাত্রমৈত্রীর নেতা-কর্মীরা। অপরদিকে এই ঘটনায় দায়েরকৃত মামলায় গ্রেফতারকৃত চার ছাত্রলীগ কর্মীকে গতকাল ৫ দিনের রিমান্ডে নিয়েছে পুলিশ। গতকাল রবিবার দুপুরে তাদের রাজশাহী মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে হাজির করা হয়। পরে ৭ দিনের

এরপর পৃষ্ঠা ১৯, কলাম ২



রাজশাহী : ছাত্রমৈত্রীর নেতা সানি হত্যা মামলার চার আসামিকে গতকাল রিমান্ডে নেয়া হয় -ইত্তেফাক

## রাজশাহী পলিটেকনিকের

২০ পৃষ্ঠার পর

রিমান্ড আবেদনের উপর শুনানি অনুষ্ঠিত হয়। শুনানি শেষে বিচারক আরিফুল ইসলাম ৫ দিনের রিমান্ড মঞ্জুর করেন।

রেজওয়ানুল ইসলাম সানি হত্যাকাণ্ডে সাথে জড়িতদের গ্রেফতারের দাবিতে গতকাল সকালে নগরীর শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে কালো ব্যাজ ধারণ ও বিক্ষোভ মিছিল করেছে ছাত্রমৈত্রী। মহানগর ছাত্রমৈত্রীর সভাপতি মতিউর রহমান মতির নেতৃত্বে পলিটেকনিক ইনস্টিটিউটের সামনে সমাবেশে নেতৃবৃন্দ অবিলম্বে এই ঘটনার সাথে জড়িতদের গ্রেফতারের দাবি জানান। সমাবেশে ছাত্রমৈত্রী নেতা মতিউর রহমান মতিকে হুমকি দেয়ায় রাজপাড়া থানার ওসি আফজাল হোসেনের অপসারণ দাবি করা হয়। সানির বাবা মনোয়ারুল ইসলামের দায়ের করা মামলায় অভিযুক্ত চার আসামি হচ্ছে- আরিফুল ইসলাম মানিক, শরীফুল ইসলাম, নাহিদ সারোয়ার ও নাজমুল হুদা নবীন।

গত বৃহস্পতিবার আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে রাজশাহী পলিটেকনিক ইনস্টিটিউটে ছাত্রলীগের হামলায় ছাত্রমৈত্রীর সহ-সভাপতি কম্পিউটার বিভাগের শেষ বর্ষের ছাত্র রেজওয়ানুল ইসলাম চৌধুরী ওরফে সানি নিহত হয়। আহত হয় পুলিশসহ ১০ জন। এই ঘটনায় রাজশাহী পলিটেকনিক ইনস্টিটিউট অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়।